



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/4/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের স্বীকৃত অনুপ্রেরণামূলক স্কুল কর্মকর্তা অ্যাওয়ার্ডের জন্য দুইজন নিউ ইয়র্কের বাসিন্দাকে মনোনীত করেন

**অ্যাওয়ার্ড অধিকারী স্কুল কর্মকর্তাগণ তারাই যারা শিক্ষার্থীদের অনুকরণীয় পরিষেবা প্রদান করেন**

**ব্যাফেলো সিটি স্কুল ডিস্ট্রিক্ট এবং নিউবার্গ এনলার্জড সিটি স্কুল ডিস্ট্রিক্ট কর্মচারীরা দারুণ কর্ম দক্ষতার জন্য মনোনীত হয়েছেন**

গভর্নর ক্যাথি হোকল আজ মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের (U.S. Department of Education) স্বীকৃত অনুপ্রেরণামূলক স্কুল কর্মকর্তা অ্যাওয়ার্ডের জন্য নিউ ইয়র্কের পাবলিক স্কুলের দুই জন কর্মচারীকে মনোনীত করেছেন এবং তারা হলেন, যারা শিক্ষার্থীদের অনুকরণীয় পরিষেবা প্রদান করেছেন তাদের জন্য শ্রেণিবদ্ধ স্কুল কর্মকর্তাদের সম্মান করার জন্য একটি ফেডারেল অ্যাওয়ার্ড। মনোনীতদের মধ্যে রয়েছেন ব্যাফেলো সিটি স্কুল ডিস্ট্রিক্ট এর শিশু পুষ্টি পরিষেবার পরিচালক ব্রিজিট ও'ব্রায়ন-উড এবং নিউবার্গ এনলার্জড সিটি স্কুল ডিস্ট্রিক্টের পরিবহন সমন্বয়ক প্যাট্রিসিয়া কোয়েন।

"স্বাস্থ্যপরিষেবা থেকে শুরু করে পরিবহন কর্মীরা এবং সকল স্কুলের কর্মকর্তাগণ আমাদের স্কুলগুলোকে চালু রাখতে এবং আমাদের শিক্ষার্থীদের নিরাপদ রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন," **গভর্নর হোকল বলেছেন।** "আমি এই দুই ব্যক্তিকে তাদের নেতৃত্ব এবং স্কুলের পরিবেশ যেখানে শিক্ষার্থীরা শিখতে এবং উন্নতি করতে পারে তৈরি করার প্রতিশ্রুতির জন্য স্বীকৃতি জানাতে সম্মানিত বোধ করছি। প্রতিদিন, তারা আমাদের শিশুদের দেখিয়ে থাকে এবং তারা তাদের কঠোর পরিশ্রমের জন্য স্বীকৃত ও উদযাপনের যোগ্য।"

RISE অ্যাওয়ার্ড শ্রেণিবদ্ধ স্কুল কর্মকর্তাগণের স্বীকৃতি দেয়, যার মধ্যে প্যারা পেশাদার, করণিক এবং প্রশাসনিক পরিষেবাগুলি, পরিবহন পরিষেবা, স্বাস্থ্য ও শিক্ষার্থী পরিষেবা, প্রযুক্তিগত পরিষেবা এবং দক্ষ ট্রেড রয়েছে এবং তারাই শিক্ষার্থীদের অনুকরণীয় পরিষেবা প্রদান করে। শিক্ষা সচিব আগামী বসন্তে RISE অ্যাওয়ার্ড পাওয়ার জন্য একজন প্রার্থীকে নির্বাচন করবেন।

**ব্রিজেট ও'ব্রায়েন-উড** বিগত 30 বছর ধরে নিউ ইয়র্ক স্টেটের দ্বিতীয় বৃহত্তম বাফেলো সিটি স্কুল ডিস্ট্রিক্টের শিশু পুষ্টি পরিষেবার পরিচালক ছিলেন। তিনি ফেডারেল স্কুলের মধ্যাহ্নভোজন, সকালের খাবার, স্নাক্স, এবং গ্রীষ্মকালীন খাবারের প্রোগ্রাম পরিচালনা করার জন্য 460 জন কর্মীর একটি দল পরিচালনা করেন যারা 87টি স্কুল ভবনে (সরকারি, বেসরকারি, চার্টার স্কুল) এবং 124টি গ্রীষ্মকালীন স্থানে বাফেলো শহরের শিশুদের বিনামূল্যে খাবার সরবরাহ করেন। মহামারী চলাকালীন, ব্রিজেট অক্লান্ত পরিশ্রম করেছিলেন যাতে স্কুল বন্ধের সময় ডিস্ট্রিক্টের পরিবারগুলির পুষ্টিকর খাবারের প্রাপ্যতা ছিল।

নিউবার্গ এনলার্জড সিটি স্কুল ডিস্ট্রিক্টের পরিবহন সমন্বয়ক হিসেবে **প্যাট্রিসিয়া কোয়েন** নিশ্চিত করেন যে পরিবহন কোনো শিক্ষার্থীর শিক্ষা বা পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণের ক্ষেত্রে কোনো বাধা নয়। তিনি শিক্ষার্থী, অভিভাবক, স্কুল প্রশাসন এবং স্টাফ এবং পরিবহন ঠিকাদারদের সাথে বাসগুলিকে দক্ষতার সাথে পরিচালনা করার জন্য এবং শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে যাওয়া এবং আসা নিশ্চিত করতে কাজ করেন। প্রতিদিনের স্কুল পরিবহন ছাড়াও তিনি গ্রীষ্মকালীন প্রোগ্রাম, অ্যাথলেটিক দল এবং পাঠ্যক্রম এবং নির্দেশনা অফিসের সাথে আফটারস্কুল প্রোগ্রাম, ফিল্ড ট্রিপ এবং ক্রীড়া ইভেন্টগুলিতে পরিবহনের জন্য কাজ করেন। তিনি শিক্ষার্থীদের উদ্বিগ্ন কমাতে এবং বাসের নিরাপত্তা সম্পর্কে শিক্ষিত করার জন্য একটি নতুন পরিবহন পরিচিতি প্রোগ্রামও তৈরি করছেন এবং নিরাপদ এবং নির্ভরযোগ্য শিক্ষার্থী পরিবহন নিশ্চিত করতে পরিবারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ প্রতিটি স্টেটের গভর্নরদের বার্ষিক দুই জন প্রার্থীকে মনোনীত করার জন্য আমন্ত্রণ জানিয়েছে। নিউ ইয়র্ক থেকে মনোনীতদের কাজের দক্ষতা, স্কুল এবং কমিউনিটির সম্পৃক্ততা, নেতৃত্ব এবং প্রতিশ্রুতি, স্থানীয় সমর্থন এবং কমিউনিটি এবং স্কুলগুলিতে শ্রেণিবদ্ধ স্কুল কর্মচারীদের ভাবমূর্তি বৃদ্ধির উপর ভিত্তি করে নির্বাচিত করা হয়েছিল।

**নিউ ইয়র্ক স্টেট শিক্ষা কমিশনার বেটি এ রোজা বলেছেন,** "আমাদের স্কুলগুলি গুরুত্বপূর্ণ স্টাফ সদস্যদের ছাড়া এমন অবিশ্বাস্য কাজ করতে সক্ষম হবে না যে যারা শিক্ষার্থীদের অর্জন, নিরাপত্তা এবং স্বাস্থ্যকে উন্নীত করে এমন পরিবেশ তৈরিতে মূল ভূমিকা পালন করে। আমি প্যাট্রিসিয়া কোয়েন এবং ব্রিজেট ও'ব্রায়েন-উড এর মতো এই প্রথম সারির বীরদের জন্য কৃতজ্ঞ যারা স্কুল দিনব্যাপী শিক্ষার্থীদের যা প্রয়োজন তা নিশ্চিত করার জন্য নিজেদের নিয়োজিত করে এবং স্কুল কমিউনিটির ভিত্তির একটি অপরিহার্য অংশ।"

**নিউ ইয়র্ক স্টেট বোর্ড অব রিজেন্ট চ্যান্সেলর লেস্টার ডব্লিউ ইয়ং, জুনিয়র বলেছেন,** "স্কুল স্বাস্থ্য, পরিবহন, খাদ্য পরিষেবা এবং রক্ষণাবেক্ষণের কর্মীদের কাজ শিক্ষকদের শেখাতে এবং শিক্ষার্থীদের শিখাতে দেয়। তরুণরা ক্ষুধার্ত থাকলে বা ক্লাসে যেতে না পারলে তাদের পূর্ণ সম্ভাবনা অর্জন করতে পারে না। ব্রিজেট ও'ব্রায়েন-উড এবং প্যাট্রিসিয়া কোয়েন নিশ্চিত করে যে শিক্ষার্থীরা শিখতে প্রস্তুত এবং আমি তাদের অভিনন্দন জানাতে পেরে রোমাঞ্চিত। এই অবিশ্বাস্য কর্মী সদস্যদের সমর্থন এবং নিষ্ঠা এমন সুযোগসমূহ প্রদান করতে সহায়তা করে যা আমাদের সকল শিশুদের তাদের আশা এবং স্বপ্নগুলোকে যতদূর নিয়ে যাবে ততদূর যেতে দেবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418